

❏ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালাহীন)

হাদিস নাম্বারঃ ১৪৬০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪৫২]

১৫/ যিকির-আযকার প্রসঙ্গে (كتاب الأذكار)

পরিচ্ছেদঃ ২৪৮: সকাল-সন্ধ্যায় আল্লাহর যিকির

(248) بَابُ الذِّكْرِ عِنْدَ الصَّبَاحِ وَالْمَسَاءِ

আরবী

وَعَنْهُ، قَالَ: جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِّ، فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ مَا لَقِيتُ مِنْ عَقْرَبٍ لَدَغْتَنِي الْبَارِحَةَ! قَالَ: «أَمَا لَوْ قُلْتَ حِينَ أَمْسَيْتَ: أَعُوذُ بِكَلِمَاتِ اللَّهِ التَّامَّاتِ مِنْ شَرِّ مَا خَلَقَ: لَمْ تَضُرَّكَ». رواه مسلم

বাংলা

২/১৪৬০। উক্ত রাবী (আবু হুরাইরা) রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এসে নিবেদন করল, 'হে আল্লাহর রাসূল! গত রাতে বিছার কামড়ে আমি যে কত কষ্ট পেয়েছি, (তা বলার নয়)।' তিনি বললেন, "শোন! যদি তুমি সন্ধ্যাবেলায় এই দু'আ পাঠ করতে, 'আউযু বিকালিমা-তিল্লা-হিত্তা-ম্মা-তি মিন শারি মা খালাক।' অর্থাৎ আমি আল্লাহর পরিপূর্ণ বাণীর অসীলায় তিনি যা সৃষ্টি করেছেন, তার মন্দ হতে আশ্রয় প্রার্থনা করছি।

তাহলে তা তোমার ক্ষতি করতে পারত না।" (মুসলিম) [1]

English

(248) Chapter: Remembrance of Allah in the Morning and in the Evening

Abu Hurairah (May Allah be pleased with him) reported:

A man came to the Prophet (ﷺ) and said, "What a trouble I suffered from a scorpion which stung me last night!" He (ﷺ) said, "Had you said in the evening: 'A'udhu bikalimatillahit-tammati min sharri ma khalaqa (I seek the protection of Allah's Perfect Words from the evil of whatever He has created),' it would not have harmed you."

[Muslim].

Commentary: Kalimat means the Words of Allah, His Decisions and His Power. At-Tamat being free from every defect and shortcoming. Thus, it means "I seek the protection of Allah, by means of faultless Words, Decisions and Power of Allah, from the mischief of every living being". It is the best prayer for protection from dangerous animals, insects and people.

ফুটনোট

[1] মুসলিম ২৭০৯, আহমাদ ৮৬৬৩, মুওয়াত্তা মালিক ১৭৭৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=27150>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন